

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



তারিখ: ১৩/০৮/১৪২৬ বঙ্গাব্দ
২৭/১১/২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.২০১৮/১৩২৫৬/০২

বিষয়: ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ ড. মোঃ মাহবুবুর রহমান ব্যতীত অন্য কারও স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীর বেতন ভাতা উত্তোলন না করা সংক্রান্ত।

সূত্র: (ক) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.৯৩.০০১.১৯.২২০; তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রি.
(খ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.২০১৮; তারিখ: ০৭/০৮/২০১৯ খ্রি.
(গ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.২০১৮/৪৪৭৯/৪; তারিখ: ০৭/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুপারিশ এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর রায় ও আদেশ, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ (ক) পত্র মোতাবেক ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ মাহবুবুর রহমানকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বর্ধাল করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ মাহবুবুর রহমানকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বর্ধাল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ কে পত্র প্রেরণ করা হয়। এছাড়া ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ড. মোঃ মাহবুবুর রহমান অধ্যক্ষ এর নিকট অবিলম্বে দায়িত্ব হস্তান্তর করার জন্য বলা হয়। মাউশির পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষ ড. মোঃ মাহবুবুর রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়িত্ব হস্তান্তর না করে সন্ত্রাসী কার্যক্রম অব্যাহত রেখে লাঠিয়াল বাহিনী দিয়ে কলেজে প্রবেশে বাধা দান করেন। যার ফলে তিনি কালীগঞ্জ থানায় ১২৫৪/২০১৯ নং জিডি দায়ের করেন এবং জীবনের নিরাপত্তা প্রার্থনা করে ভারপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করেন। তিনি সন্ত্রাসী ও স্বৈচ্ছাচারিতা পোষণকারী উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে ব্যক্তিগত এমপিও বন্ধসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। সে প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ও মাউশির আদেশ প্রতিপালন না করায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.১ (গ) ধারা মোতাবেক কেন ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা করার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ১৫/১০/২০১৯ খ্রিষ্টাব্দে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ আব্দুল মজিদ মন্ডল, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জবাব প্রেরণ করেন।

জনাব মোঃ আব্দুল মজিদ মন্ডল, ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর জবাব: উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ এর নিকট সদ্য জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ মাহবুবুর রহমান তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক অধ্যক্ষ পদে যোগদানের জন্য যে আবেদন করেছেন তা উপজেলা নির্বাহী অফিসার রিসিভ করেন নাই, স্বাক্ষর করেন নাই, সিলও দেন নাই। অধ্যক্ষ মোঃ মাহবুবুর রহমান নিজে রিসিভ লিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জমা দিয়েছেন। সুতরাং উপজেলা নির্বাহী অফিসার অধ্যক্ষ মোঃ মাহবুবুর রহমান এর নিকট দায়িত্ব হস্তান্তর করার জন্য কোন নির্দেশনা প্রদান করেননি।

ড. মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ কে অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর না করায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর দম্ভোক্তি ও ঔদ্ধত্যমূলক সন্ত্রাসী আচরণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য ড. মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ আবেদন করেন। মাউশি হতে ১৫/১০/২০১৯ খ্রিষ্টাব্দে পত্রের প্রেক্ষিতে ১৯/১০/২০১৯ খ্রি. দায়িত্ব হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অনুরোধ করেন। তিনি দায়িত্ব হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন না করে তাঁকে বলেন হাইকোর্ট, বিশ্ববিদ্যালয়, মন্ত্রণালয়, মাউশি অধিদপ্তর এর কোন আদেশ তিনি মানেন না।

এমতাবস্থায়, জনাব মোঃ আব্দুল মজিদ মন্ডল, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর জবাব যথাযথ ও সন্তোষজনক না হওয়ায় ড. মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ ব্যতীত অন্য কারও স্বাক্ষরে বর্ণিত কলেজের শিক্ষক-কর্মচারীর বেতন ভাতা প্রদান না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.১১.১৯

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

ব্যবস্থাপক

রূপালী ব্যাংক লি.

কালীগঞ্জ শাখা, ঝিনাইদহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ২। ড. মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ, মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত), কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৩। জনাব মোঃ আব্দুল মজিদ মন্ডল, উপাধ্যক্ষ, মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত), কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৫। সংরক্ষণ নথি।